

শেখ হাসিনার হাতটি ধরে  
পথের শিশু যাবে ঘরে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ  
জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র  
সমাজসেবা অধিদপ্তর  
মিরপুর-১৪, ঢাকা-১২০৬



নম্বর-৪১.০১.০০০০.০৮২.০৩.৩১৮.২১ - ৩৬

তারিখ : ১৫/০১/২০২৪ খ্রিঃ

বিষয় : সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব রোখসানা পারভীন  
অধ্যক্ষ, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র

সভার তারিখ : ১৫/০১/২০২৪ খ্রিঃ

সময় : সকাল ১১.৩০ ঘটিকা

সভার স্থান : অডিটরিয়াম।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১। ২০২৪ শিক্ষাবর্ষে মানসিক প্রতিবন্ধী বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্র ছাত্রী এবং হোস্টেলের নিবাসীদের অভিভাবকদের সাথে মতবিনিময় সভা	মানসিক প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব নুসরাত জাহান কুমকুম জানান যে, ২০২৪ শিক্ষাবর্ষে অত্র বিদ্যালয়ে মোট ৯৬ জন ছাত্র ছাত্রী ভর্তি হয় এবং ৩৮ জন ছাত্র ছাত্রী কে হোস্টেলে আসন বরাদ্দ দেয়া হয়েছে। বিদ্যালয়ে ভর্তিকৃত ছাত্র ছাত্রী ও নিবাসীদের অভিভাবক নিয়ে প্রতিষ্ঠানের নিয়মকানুন সম্পর্কে অবহিতকরণ সভার আয়োজন করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	আগামী এক সপ্তাহের মধ্যে অভিভাবকদের অবহিতকরণ সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। প্রধান শিক্ষক, মানসিক প্রতিবন্ধী বিদ্যালয়।
০২। বিদ্যালয়ের শিক্ষার মান ও হোস্টেলের নিবাসীদের মনিটরিং সম্পর্কে অভিভাবকদের অবহিতকরণ	মানসিক প্রতিবন্ধী বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব নুসরাত জাহান কুমকুম জানান যে, অত্র বিদ্যালয়ের শিক্ষার মান সন্তোষজনক। হোস্টেলে অবস্থানরত নিবাসীদের শিক্ষা এবং ভরণপোষণের মান নিশ্চিত করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	বিদ্যালয়ের শিক্ষার মান উন্নত করণসহ হোস্টেলের নিবাসীদের নিয়মিত শিক্ষা এবং ভরণপোষণের বিষয়টি তত্ত্বাবধানের জন্যে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীদের সচেতন হওয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।	মানসিক বিদ্যালয় ও হোস্টেলে দায়িত্বরত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৫/০১/২৪  
রোখসানা পারভীন  
অধ্যক্ষ

ফোনঃ ০২-৪৮০৩৮৩৪৮

Email: ncse.dss@gmail.com

সদয় জ্ঞাতার্থে :

১। পরিচালক (প্রতিষ্ঠান), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।

সদয় কার্যার্থে :

- ১। উপাধ্যক্ষ, বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ, মিরপুর-১৪, ঢাকা।
- ২। ম্যানেজার(ওয়ার্কশপ), বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ, মিরপুর-১৪, ঢাকা।
- ৩। প্রভাষক (সকল), বিশেষ শিক্ষা শিক্ষক প্রশিক্ষণ কলেজ, মিরপুর-১৪, ঢাকা।
- ৪। প্রধান শিক্ষক, মানসিক প্রতিবন্ধী বিদ্যালয়, মিরপুর-১৪, ঢাকা।
- ৫। নার্স, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর-১৪, ঢাকা।
- ৬। লাইব্রেরিয়ান, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর-১৪, ঢাকা।
- ৭। হাউজ প্যারেন্ট (বাক ও শ্রবণ, বুদ্ধি ও দৃষ্টি) প্রতিবন্ধী হোস্টেল, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর-১৪, ঢাকা।
- ৮। জনাব রুহুল আমিন, ক্রাফট টিচার/হিসার রক্ষক, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর-১৪, ঢাকা।
- ৯। জনাব মীর মোহাম্মদ ইমরান, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর-১৪, ঢাকা।
- ১০। জনাব মোঃ মেহেদী হাসান, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, জাতীয় বিশেষ শিক্ষা কেন্দ্র, মিরপুর-১৪, ঢাকা।
- ১১। অফিস কপি।